



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫

e-mail: dcc1989@dcc.edu.bd Web: www.dcc.edu.bd

স্মারক নং:

তারিখ: ২২শে শ্রাবণ ১৪২৬ ব.

৬ই আগস্ট ২০১৯ খ্রি.

শিক্ষার্থীদের মানোন্নয়নকল্পে বিশেষ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের উচ্চমাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় এ কলেজের পরীক্ষার্থীদের ফলাফল অনাকাঙ্ক্ষিতভাবে প্রত্যাশিত না হওয়ায় কর্তৃপক্ষ গভীর উদ্বেগ প্রকাশ করে। আগামীতে যাতে প্রত্যাশিত ফলাফল অর্জন করা যায় সেজন্য সংশ্লিষ্ট সকলকে নিম্নলিখিত বিষয়ে তাঁদের দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য বলা হলো। এ নির্দেশনা সকল শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য হবে।

করণীয়সমূহ এবং দায়িত্বপালনকারী নির্দিষ্টকরণ :

- * শিক্ষার্থী উপদেষ্টা, শ্রেণি শিক্ষক ও চেয়ারম্যানগণ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করবেন ;
- * শিক্ষার্থী উপদেষ্টা, গাইড শিক্ষক, কো-অর্ডিনেটরগণ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের মনোযোগী করার জন্য প্রয়োজনে প্রেষণামূলক বক্তব্য প্রদান করবেন;
- * শ্রেণিকক্ষে শ্রেণি শিক্ষককে ফলপ্রসূ পাঠদানে সক্রিয় হতে হবে, পাঠদান শেষে ফিডব্যাক নিতে হবে এবং এ বিষয়টি মনিটরিং করবেন বিভাগীয় চেয়ারম্যান;
- * শ্রেণি শিক্ষক পাঠ্য বিষয়বস্তু সম্পর্কিত পরিস্কার ধারণা দেয়ার লক্ষ্যে বিস্তারিত আলোচনা করবেন এবং মনিটরিং করবেন বিভাগীয় চেয়ারম্যান ;
- * প্রশ্নের মান বোর্ডের মান অনুযায়ী হতে হবে। বিষয়টি তদারকী করবেন বিভাগীয় চেয়ারম্যানগণ
- * উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পরীক্ষককে আরো বেশি সচেতন ও যত্নশীল হতে হবে। কার্যকর নিরীক্ষণের ব্যবস্থা করতে হবে। বিভাগীয় চেয়ারম্যানগণ বেশী ফেল করেছে এমন কিছু উত্তর পত্রের প্যাকেট অধ্যক্ষের নিকট প্রেরণ করবেন ;
- * শিক্ষার্থী উপদেষ্টা, গাইড শিক্ষক এবং চেয়ারম্যানগণ শিক্ষার্থীর মানোন্নয়নের লক্ষ্যে অভিভাবকদের সাথে যোগাযোগ রাখবেন;
- * শিক্ষার্থী উপদেষ্টা, শ্রেণি শিক্ষক এবং চেয়ারম্যানগণ শিক্ষার্থীগণকে শৃংখলা পরিপন্থী কার্যাদি থেকে বিরত রাখবেন ;
- * চেয়ারম্যানগণ একই সেকশনে ২ এর অধিক শিক্ষককে ক্লাস নিতে দিবেন না;
- * চেয়ারম্যানগণ শুধুমাত্র জরুরী প্রয়োজনে প্রিন্সিপালের ব্যবস্থা করে তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে (অধ্যক্ষ ও উপাধ্যক্ষ, প্রশাসন) অবহিত করবেন।

বিষয়টি অতীব জরুরী।



অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ